Resource Integration Centre (RIC)
রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

সমাজ কল্যাণ বিভাগ রেজিঃ নং-ঢ-০১১৬৪, এমআরএ সনদ নং-০০৩৪৯-০১৩৭৫-০০১৬৭, এনজিও বিষয়ক ব্যুরো রেজিঃ নং-১৭৭

সূত্র নং-রিক/কেন্দ্রীয়/ঋণ কার্যক্রম/২০২৬/৯১৯ তারিখ: ২৭/১০/২০২৬ ইং

প্রতি
সংশ্লিস্ট সকল ব্রাঞ্চ, এরিয়া, জোন এবং ডিভিশন সমুহের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ঋণ কার্যক্রম, রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

বিষয়: সদস্য সংগ্রহ ও ঋণ বিতরন প্রসঙ্গে।

শুভেচ্ছা নিবেন। সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে ক্রেডিট অফিসারগন দৈনন্দিন ঋণ ও সঞ্চয় আদায় এবং ঋণ বিতরনের পাশাপাশি সদস্য ভর্তির ক্ষেত্রে এককভাবে দায়িত্ব পালন করায় ঋণ কার্যক্রমের কাংখিত অগ্রগতি হচ্ছেনা। এমতবস্থায় ঋণ কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ সংস্থার অপেক্ষাকৃত দক্ষ ও দায়ীত্বশীল পর্যায়ের কর্মকর্তা-ব্রাঞ্চ একাউন্টস অফিসার, ব্রাঞ্চ ম্যানেজার, এরিয়া ম্যানেজার, জোনাল ম্যানেজার ও ডিভিশনাল ম্যানেজারদেরকে সম্ভাবনাময় সদস্য সংগ্রহের কাজে নিয়োজিত করার সিদ্ধান্ত গ্রহন করেছে। সিদ্ধান্তমতে উল্লেখিত কর্মকর্তাদেরকে তাদের বর্তমান দায়ীত্বের পাশাপাশি দৈনন্দিন ভিত্তিতে নিম্নোক্ত বর্ননামতে সদস্য সংগ্রহ করতে হবে।

ক্র. নং	পদবী	সদস্য সংগ্রহের লক্ষ্য			মন্তব্য
		দৈনন্দিন	সাপ্তাহিক	মাসিক	
১	বিএও	১	৫	২২	উল্লেখিত কর্মকর্তাদেরকে দৈনন্দিন ভিত্তিতে নুন্যতম ১ জন অগ্রসর ক্যাটাগরির সদস্য সংগ্রহ করে সংশ্লিষ্ট কর্মএলাকার ক্রেডিট অফিসারের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে এবং ভর্তি ফরমে সংগ্রহকারী কর্মকর্তা ও সংশ্লিষ্ট ক্রেডিট অফিসারের যৌথ স্বাক্ষর করতে হবে। এছাড়া ক্রেডিট অফিসারদের ব্যক্তিগত সদস্য ভর্তির টার্গেট অনুযায়ী অর্জনের বিষয়টিও সংশ্লিষ্টদেরকে নিশ্চিত করতে হবে।
২	বিএম	১	৫	২২	
৩	এএম	১	৫	২২	
৪	জেড এম	১	৫	২২	
৫	ডিএম			১৫	

এছাড়া সংস্থা লক্ষ্য করছে-

১. এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজারগন তাদের অনুমোদিত ঋণ সীমার ঋণ সিলিং এড়িয়ে চলছে। ফলে তাদের অনুমোদিত ঋণ সীমার ঋণ বিতরন ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। এমতবস্থায় প্রতিমাসে এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজার এর সিলিং এর কতজন সদস্য ভর্তি ও ঋণ বিতরন হচ্ছে তা পর্যবেক্ষন করা হবে।

২. এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজারদের মধ্যে শুধুমাত্র যার যার অনুমোদন সীমার ঋণ যাচাই ও ঝুঁকিমুক্ত রাখার প্রবনতা লক্ষ করা যাচ্ছে। ব্রাঞ্চ এর অধিকাংশ ঋণ ব্রাঞ্চ ম্যানেজারের অনুমোদন সীমায় হওয়ায় উক্ত ঋন এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজারদের যাচাইয়ের বাইরে থাকছে। ফলে ভূয়া ঋন বিতরন, ঋণ হস্তান্তর সহ বকেয়া বৃদ্ধি পাচ্ছে। এমতবস্থায় এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজারদেরকে তাদের অনুমোদিত ঋণ সিলিং সহ ব্রাঞ্চ ম্যানেজারের অনুমোদন সীমার ঋণ সংস্থার নিয়ম অনুযায়ী যাচাই করতে হবে।

৩. এখন থেকে এরিয়া ম্যানেজার ও জোনাল ম্যানেজারদেরকে তাদের অনুমোদিত ঋণ সিলিং এর স্থিতিশীলতার ভিত্তিতে মূল্যায়ন না করে তার দায়ীত্বে থাকা ব্রাঞ্চ এর অগ্রগতি ও ঋণের মান বিবেচনায় কর্মমূল্যায়ন করা হবে।

এই নির্দেশ ২৮/১০/২০২৬ ইং থেকে কার্যকর হবে। এ সম্পর্কে কোন অস্পষ্টতা থাকলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

ধন্যবাদান্তে,

(আফরোজা লায়লা)
পরিচালক ও প্রধান ঋণ কর্মকর্তা

সদয় অবগতিঃ

১. নির্বাহী পরিচালক মহোদয়, রিক;

অনুলিপিঃ

১. উপ-পরিচালক, রিক;
২. সহকারী পরিচালক (সকল), রিক;
৩. বিভাগীয় ও সেল প্রধান (সকল), রিক;
৪. অফিস কপি।

House # 88/A, Road # 7/A, Dhanmondi R/A, Dhaka-1209, Bangladesh. G.P.O. Box # 2789
Phone: 880-2-58152424, 880-2-222245048, E-mail: ricdirector@yahoo.com, Web: www.ric-bd.org